

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুবভবন



১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৫০.২১-৭৩১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৯  
১১ জুলাই ২০২২

**বিষয়: জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের লক্ষ্যে আবেদনপত্র আহ্বান সংক্রান্ত।**

জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ অনুযায়ী ২০২৩ থেকে ২০২৪ মেয়াদের (দুই বছর) জন্য জাতীয় যুব কাউন্সিল গঠন করা হবে। জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করে ইতোমধ্যেই ০২/০৭/২০২২ খ্রি. তারিখে “বাংলাদেশ প্রতিদিন” এবং ০৩/০৭/২০২২ খ্রি. তারিখে “দৈনিক যুগান্তর” পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

- ০২। এ লক্ষ্যে উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য আবেদন ফরম এতদসংশে সংযুক্ত করা হলো। এক্ষেত্রে জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে। আবেদন ফরম এবং জাতীয় যুব কাউন্সিল বিধিমালা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট ([www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)) এ পাওয়া যাবে। অধিদপ্তরের ওয়েবসাইট থেকে উক্ত নীতিমালা ডাউনলোড করে সংগ্রহ ও সংশ্লিষ্টদের নিকট সরবরাহ করা যেতে পারে। আবেদন প্রেরণের সময় আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে। আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সমর্থনে উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোনো ফরমে আবেদন করা হলে তা বিবেচনা করা হবে না। জাতীয় যুব কাউন্সিল বিধিমালা ২০২১ এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফরমে আবেদন ৩১-৮-২০২২ খ্রি. তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল নিশ্চিত করতে হবে। মহানগরীর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) আবেদনকারীগণকে নির্ধারিত ফরমে (যেখানে উপজেলা ব্যবস্থা চালু নেই) জেলা প্রশাসক বরাবরে আবেদন করে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয়ে ৩১-০৮-২০২২ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে দাখিল করতে হবে।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/উপপরিচালক আবেদন পত্র গ্রহণের জন্য একটি রেজিস্টার চালু করবেন এবং প্রতি সপ্তাহের প্রাপ্ত আবেদন পত্রের তথ্য সংশ্লিষ্ট মনোনয়ন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসককে অবহিত করবেন।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রাপ্ত সকল আবেদন উপজেলা মনোনয়ন কমিটির সভায় উপস্থাপন করবেন এবং কমিটি বিধিমালা অনুসারে যাচাই বাছাইপূর্বক ০১(এক) জন যুব পুরুষ এবং ০১(এক) জন যুব নারী মনোনয়ন প্রদানের সুপারিশ করবেন। উপজেলা মনোনয়ন কমিটির সুপারিশ সম্বলিত কার্যবিবরণীসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জেলা মনোনয়ন কমিটির নিকট উপস্থাপনের জন্য আবেদন পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন।
- ০৫। উপপরিচালক উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র সম্বন্ধিত করে জেলা মনোনয়ন কমিটির সভায় উপস্থাপন করবেন। মহানগরীর উপপরিচালকগণ তাদের নিকট প্রাপ্ত আবেদনপত্রসহ উপজেলা মনোনয়ন কমিটির সুপারিশকৃতদের আবেদন পত্র সভায় উপস্থাপন করবেন। বিধিমালা অনুযায়ী জেলা মনোনয়ন কমিটি যাচাই বাছাই করে ০১(এক) জন যুব পুরুষ ও ০১(এক) জন যুব নারী সদস্য মনোনয়নের সুপারিশ করবেন। উপপরিচালক জেলা মনোনয়ন কমিটির সুপারিশ সম্বলিত কার্যবিবরণী, আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ মনোনয়ন প্রস্তাব ৩১ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) বরাবরে প্রেরণ করবেন।
- ০৬। যাচাই-বাছাই কাজের সুবিধার্থে একটি মূল্যায়ন/নম্বর বন্টন পদ্ধতি এসাথে সংযুক্ত করা হলো।
- ০৭। এ বিষয়ে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তি: ১। উপজেলার প্রার্থীদের আবেদন ফরম।

২। মহানগরীর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) এর প্রার্থীদের আবেদন ফরম।

৩। মহানগরীর জন্য পরিপত্র।

৪। মূল্যায়ন/নম্বর বন্টন পদ্ধতি।

১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর.....(সকল) জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব উন্নয়ন অধিদপ্তর.....(সকল) উপজেলা।

জেমস্‌উল হাতিফ মোল্লা  
পরিচালক (যুগ্মসচিব)

বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন  
ফোন-০২-২২৩৩৮৯১০